

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০১০.২১.২১৮

তারিখ: ১২ ভাদ্র ১৪৩০

২৭ আগস্ট ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: **Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Strategic Management' প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে কর্মকর্তা মনোনয়নের বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Strategic Management' প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচ আগামী ২১ অক্টোবর ২০২৩ তারিখ হতে শুরু হবে।

০২। কোর্সটি অর্থ বিভাগের Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় আয়োজন করা হয়েছে। কোর্সসংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নরূপ:

(ক)	সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পদমর্যাদার বিসিএস ক্যাডারভুক্ত ও সমমর্যাদার কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন যাদের বয়স অনূর্ধ্ব ৫২ বছর।
(খ)	মোট ২৪ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে। প্রশিক্ষণের মেয়াদ ০৩ (তিন) সপ্তাহ। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন BIGM-এ সংযুক্ত থাকবেন।
(গ)	কোর্সের ক্লাস সপ্তাহে ০৫ দিন শনি-বুধবার নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে।
(ঘ)	'Policy Analysis' কোর্সে অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী এ কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবে।
(ঙ)	যাতায়াত ভাতা হিসাবে দৈনিক ৬০০/- (ছয়শত) টাকা এবং সকাল-বিকাল চা-চক্রসহ দুপুরে খাবার প্রদান করা হবে।

০৩। আগ্রহী কর্মকর্তাগণ আগামী ০১ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।

সংযুক্তি: আবেদন ফরম।

২৭-৮-২০২৩

মোঃ মিনহাজুর রহমান

সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৫৭১১৩
ইমেইল: it3@mopa.gov.bd

কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বর্ণিত বিজ্ঞপ্তি ও সংযুক্ত আবেদন ফরম এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।